দৈনিক
ইনকিলাব

তারিখ 8 APR 2003
পৃষ্ঠা ৮

## এসএসসি ও দাখিল পরীক্ষার ১০ম দিনে

# সারাদেশে ২ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কার

**স্টাফ রিপোর্টার ঃ** এসএসসি ও দাখিল পরীক্ষার দশম দিনে গতকাল সারাদেশে নকলের দায়ে ২ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কারের খবর পাওয়া গেছে। তবে গতকাল কোন শিক্ষক বহিষ্কার হননি।

গতকাল উভয় বেলায় এসএসসিতে গার্হস্থ্য অর্থনীতি, কৃষি বিজ্ঞান ও উচ্চতর গণিত, মাদ্রাসা বোর্ডের দাখিলে ভূগোল ও অর্থনীতি এবং সাধারণ বিজ্ঞান ২য় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। দাখিলের ভূগোল ও অর্থনীতি বিষয়ের ৫ নম্বর প্রশ্নে ভুল থাকায় পরীক্ষার্থীরা এর সঠিক উত্তর দিতে বিপাকে পড়ে বলে অভিযোগ পাওয়া গেছে। ঐ প্রশ্নটিতে মদীনা শরীফের দেশান্তর ৩৯ ডিগ্রী পূর্বের স্থলে ভুলবশত পশ্চিমে উল্লেখ করায় সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের অনেকেই এর সঠিক জবাব দানে ব্যর্থ হয় এবং মাদ্রাসা বোর্ডও এর সংশোধনী দেয়নি

৬-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষা

৮-এর পৃষ্ঠার পর

বলে জানা গেছে। এ বিষয়ে পরে যোগাযোগ করে মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের কোন বক্তব্য পাওয়া যায়নি। এদিকে মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় ২৮ জেলার প্রাপ্ত খবর অনুযায়ী ৬৪ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এছাড়া, ঢাকা বোর্ডের ১৪ জেলায় ৮ জন, রাজশাহী বোর্ডের ১৬ জেলার মধ্যে মাত্র ৪ জেলায় ২২ জন, চট্টগ্রাম বোর্ডে ৩১ জন, কুমিল্লা বোর্ডে ৩ জন, বরিশাল বোর্ডে ২ জন বহিষ্কারের খবর পাওয়া যায়। যশোর ও সিলেট বোর্ড থেকে বহিষ্কারের কোন খবর পাওয়া যায়নি এবং রাজশাহী ও ঢাকা বোর্ডেরও পূর্ণাঙ্গ খবর মেলেনি।

এদিকে, ভুয়া রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র দিয়ে একজন অপরজনের পরীক্ষা দিচ্ছে— এই মর্মে গোপন সংবাদের ভিত্তিতে শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন গতকাল হবিগঞ্জ ও ময়মনসিংহ জেলার কয়েকটি কেন্দ্র আকস্মিক পরিদর্শনে যান। কেন্দ্রগুলো হলো হবিগঞ্জের বাহুবল উপজেলার সদরুল হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহের কাতলা সেন মহিলা মাদ্রাসা এবং জেলা স্কুল কেন্দ্র। হবিগঞ্জ থেকে ৭ জন এবং ময়মনসিংহ থেকে ৩ জন ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার করা হয়েছে। তাদের রেজিস্ট্রেশন ও প্রবেশপত্রও জব্দ করা হয়েছে।

ময়মনসিংহ থেকে গ্রেফতারকৃত পরীক্ষার্থীদের তদন্তের জন্য প্রতিমন্ত্রী তাৎক্ষণিকভাবে জেলা প্রশাসনকে নির্দেশ দেন।

প্রতিমন্ত্রী সকল রেজিস্ট্রেশন ও প্রবেশপত্র জব্দ করে ঢাকায় নিয়ে আসেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জরুরী ভিত্তিতে তদন্ত করে ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশ দেন।